




সচিব
কৃষি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রিয় সহকর্মী,

আসসালামু আলাইকুম। আমরা যদিও ইংরেজি সাল ব্যবহারে অভ্যস্ত কিন্তু আমাদের কৃষক ভাইয়েরা বীজ বপন, ফসল কর্তন এবং সামাজিক পরব ও উৎসবে বাংলা পঞ্জিকা অনুসরণ করে থাকেন। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঠিক ও সময়োপযোগী নেতৃত্ব, গবেষণা প্রতিষ্ঠানগুলোর উদ্ভাবন, সম্প্রসারণ কর্মীদের তা মাঠ পর্যায়ে পৌঁছানো এবং কৃষকের অক্লান্ত পরিশ্রম বাংলাদেশের কৃষিকে আজ বিশ্বের দরবারে বিশেষ অবস্থানে প্রতিষ্ঠিত করেছে। এসবের সাফল্যে আপনি ও আপনার সংস্থার ভূমিকা অপরিসীম। আমার দৃঢ় বিশ্বাস নতুন বছরেও সকলের জন্য নিরাপদ ও পুষ্টিমানসম্পন্ন খাদ্য উৎপাদন নিশ্চিত করতে আপনি অগ্রণী ভূমিকা পালন করবেন।

নতুন বছরে আপনার সকল কর্মকাণ্ড কৃষকের সেবায় নিয়োজিত হোক। আপনার ব্যক্তিগত জীবন সুখ ও সমৃদ্ধিতে ভরে উঠুক। শুভ কামনায়।

শুভ নববর্ষ ১৪২৬


মোঃ নাসিরুজ্জামান